উপজেলা পরিষদ গজারিয়া, মুন্সীগঞ্জ।

## গজারিয়া উপজেলা পরিষদের জানুয়ারী, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি

ঃ আমিরুল ইসলাম, চেয়ারম্যান, **উপজেলা** পরিষদ, গজারিয়া, **মুসীগঞ্জ।** 

সভার খ্রান

ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ও সময়

ঃ ১৮ জানুয়ারী , ২০২১ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ

ঃ হাজিরা রেজিষ্টার দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি উপজেলা পরিষদের মৃখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। সভায় আলোচ্যসূচি ও কার্যপত্র অনুযায়ী বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা করা হয় এবং নিমুরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

| ক্র: নং | আলোচনা   | সিদ্ধান্ত  | বান্তবায়নে                                  |
|---------|--|--|--|
| ۶       | আ্লোচ্যসূচি-১ : গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ। উপজেলা নির্বাহী অফিসার ডিসেম্বর, ২০২০ মাসের মাসিক<br>সাধারণ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন<br>সংশোধনী না থাকলে তিনি সভাকে কার্যবিবরণী দৃঢ়ীকরণের<br>জন্য অনুরোধ করেন।   | গজারিয়া উপজেলা পরিষদের ডিসেম্বর,<br>২০২০ মাসের মাসিক সাধারণ সভার<br>কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায়<br>তা সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়।   | -  |
| ×.      | আলোচ্যসূচি-২ ঃ বিগত সভার সিদ্ধান্ত সমূহের বান্তবায়ন<br>অগ্রগতি পর্যালোচনা।<br>(ক) উপজেলা স্বাছ্য ও পঃপঃ প্রতিনিধি সভায় বলেন যে,<br>করোনা ভ্যাকসিনের কমিটি গঠন করা হয়েছে। তাদের<br>এখানে নাইট গার্ড নেই। ০১ জন নাইট গার্ড দিয়ে<br>নিরাপন্তা দিতে সমস্যা হচ্ছে। এছাড়া পিপি,হ্যান্ড<br>স্যানিটাইজার/গ্রাভ্স সহ করোনার অন্যান্য সামগ্রী দ্রুত<br>বর্ম্দে দেওয়ার জন্য অনুরোধ করেন।  | যথারীতি থাত হতে বরাদ্দ দেওয়ার জন্য<br>সিদ্বান্ত গৃহীত হয়।<br>ভ্যাকসিনের সার্বিক তথ্য নিয়মিত<br>প্রতিবেদন দেওয়ার জন্য বলা হয়। এছাড়া<br>বিভাগীয় সভাগুলো উপজেলা সভার সাথে<br>সমন্বয় করে করার সিদ্বান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী<br>অফিসার/উপজেলা<br>প্রকৌশলী |
|         | (খ) উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন যে, কৃষি প্রণোদনা এবং পূর্নবাসন কর্মসূচির আওতায় ৩০৬০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণের মাঝে বিনামূল্যে সার ও বীজ সরবরাহ সম্পন্ন করা হয়েছে। এছাড়া বোরো মৌসুমে সেচযন্ত্রের নির্ধারিত সেচ চার্জ নির্ধারণের জন্য বিএডিসির সহায়তা প্রয়োজন। বিএডিসি এর প্রতিনিধি, স্কীম ম্যানেজার এবং কৃষকগণের সাথে বসে ঐক্যমতের ভিত্তিতে সেচ চার্জ নির্ধারণ করা প্রয়োজন। তাছাড়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গজারিয়ার কিছু সীড স্টোর এর বেদখল জমি উদ্ধারের জন্য ছানীয় প্রশাসন এবং জনপ্রতিনিধিদের সহায়তা কামনা করেন। | <u>-</u>   | -<br>·                                       |
|         | (গ) উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে. গজারিয়া উপজেলা যোগ্য যেই খামারী রয়েছে তাদের বাড়িতে বাড়িতে গিয়ে খামারীসহ খামারের সাথে ছবি তুলে যে তালিকা করা হয়েছিল তা অনেক আগেই কর্তৃপঞ্চের নিকট পাঠানো হয়েছে। তিনি আশা করছেন  | <u>-</u>   | _  |

| যে খুব দ্রুতই তাদের কে প্রনোদনা হিসাবে বিকাশে টাকা দেওয়া হবে। কোভিড-১৯ এর কারণে মাননীর প্রধানমন্ত্রী ঘোষনা করেছিলেন যে, কৃষিতে ০৫ হাজার কোটি টাকা প্রনোদনা প্যাকেজ ঘোষনা করেছেন যা ৪% সুদে খণ প্রদান করবেন। তার মধ্যে থেকে গজারিয়া খামারীরা এখন পর্যন্ত ০৪ কোটি টাকা ঋণ গ্রহণ করেছে বলেও সভাকে জানান। এছাড়া গত মাসে ০৮ টি ইউনিয়নে জি ওয়ার্মিকং প্রোগ্রাম করা হয়েছে। গজারিয়া উপজেলায় ১০০ জন খামারীর তালিকা তৈরি করেছে। তার মধ্যে থেকে এ মাসের শেষের দিকে প্রথম পর্যায়ে ২৫ জন খামারীকে গরু মোটাজাতকরণ বিষয়ক প্রশিক্ষন দেওয়া হয়েছে। গত মাসে প্রানি সম্পদ বিভাগে রাজস্ব আয় হয়েছে ৪৪,০০০/- টাকা। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।   |   | - |
|---|---|---|
| (ঘ) ডপজেলা মৎস্য কমকতা সভায় বলেন যে, চলাত মাসে ২৫ জন মৎস্য চাষীকে মৎস্য বিষয়ক প্রশিক্ষন দেওয়া হয়েছে। প্রতি ইউনিয়নে গিয়ে ১৬ টি মাঠ দিবস করা হয়েছে। থারা মৎস্যজীবি আছে তাদের কে প্রতি বৎসর ০৪ মাস ২৫ কেজি করে চাল দিয়ে থাকে। এ বছর ফেব্রুয়ারী মাস থেকে মৎস্য চাষীদের মাঝে চাল বিতরণ কার্যক্রম শুরু করা হবে। মৎস্য চাষীদের তথ্য হালনাগাদ করার জন্য প্রত্যেক ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। যা এ মাসের মধ্যে মৎসচাষীদের হালনাগাদ তথ্য প্রেরণ করার জন্য সংশ্রিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের কে অনুরোধ করেন। এছাড়া যারা ইতিমধ্যে তালিকাভুক্ত হয়নি তাদের কে মৎস্য আইডি কার্ড জমা দেওয়ার অনুরোধ করেন। বাউশিয়াতে একটি কোম্পানী রয়েছে যাদের কে মৎস্য খাদ্য উৎপাদন করার জন্য একটি লাইসেন্স প্রদান করেছে। যারা মৎস্য খাদ্য বিক্রয় করবে। ০৬ টি ইউনিয়ন থেকে ২০ জন চাষী নির্বাচন করেছে। তাদের মধ্যে থেকে ০৩ কে প্রদশনী দেওয়া হরে। সেই তালিকা ও নির্বাচন করা হয়েছে বলেও সভাকে জানান। |   |   |
| (%) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেরা স্বাস্থ্য কমপ্লেক্ত্র এ ডেলিভারী রোমটি বৃদ্ধি করার জন্য গত সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যা বাস্তবায়নের জন্য কার্যক্রম প্রক্রিয়াখীন আছে। এছাড়া গজারিয়া ইউনিয়নের চেয়ারম্যান কলসেরকান্দি রাস্তাটি বিষয়ে অভিযোগ করেছিলেন যা ইতিমধ্যে ঠিকাদারকে রাস্তা বন্ধ না করে কাজ চালিয়ে নেওয়ার জন্য বলা হয়েছে। তাছাড়া চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, ইতিমধ্যে অনেক কাজের টেভার হয়েছে কিন্তু কাজ হয়নি। তাই সকল ঠিকাদারদের কে নিয়ে সভা আয়েজন করার জন্য  | - | * |

| 7 | উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করেন।  | 1   |   |
|---|--|---|---|
|   | (চ) উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় বলেন যে, গত মাসের ২৭ তারিখ হতে ১৪ জানুয়ারী ২০২১ পর্যন্ত করোনায় আক্রান্ত ছিলেন বলে সভাকে জানান। তাছাড়া আগামী ২৩ জানুয়ারী প্রোগ্রামের জন্য সবকিছু প্রস্তুত করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রতিটা দপ্তরের তথ্য হালনাগাদ করতে হবে। তাছাড়া বাংলাদেশের সকল ইউনিয়ন পর্যায় থেকে শুরু করে উপজেলা পরিষদ সহ সব ধরণের তথ্য www.Bangladesh.gov.bd তে পাওয়া যাবে বলে সভাকে অবহিত করেন। | প্রতিটা দপ্তরসহ সকল ইউনিয়ন পরিষদের<br>ওয়েব পোর্টাল আপডেট রাখার জন্য<br>অনুরোধ করা হলো। তাছাড়া যে সকল<br>বেসিক তথ্য ওয়েব সাইট এ দেওয়া নেই<br>তার আপলোড করার জন্য সংশ্লিষ্ট<br>সকলকে অনুরোধ করা হয়।   | সংশ্লিষ্ট কর্মকর্তা<br>(সকল)/ইউনিয়ন<br>পরিষদ (সকল) |
|   | (ছ) উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে। এছাড়া গোডাউনের প্রহরীর প্রাপ্য টাকা উপজেলা পরিষদ হতে পরিশোধ করার জন্য সভাকে অনুরোধ করেন। তাছাড়া করোনাকালীন সময়ে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকার মধ্যে যাতে নতুন কুল নির্মাণের কাজ ও সংস্কার কাজ গুলো সম্পন্ন করা হয় সে জন্য সভাকে অনুরোধ করেন।   | উপজেলা পরিষদ হতে গোডাউনের প্রহরীর<br>প্রাপ্য টাকা উপজেলা পরিষদ হতে<br>প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার<br>সিঘান্ত গৃহীত হয়।<br>তাছাড়া ঠিকাদারদের কে দ্রুত ষ্কুলের কাজ<br>শেষ করার জন্য বলা হয়। | উপজেলা নির্বাহী<br>অফিসার/উপজেলা<br>প্রকৌশলী        |
|   | (জ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন<br>যে, মাধ্যমিক স্কুলগুলোতে বই বিতরণের কাজ আংশিক<br>বাকী রয়েছে। মাদ্রাসার বই বিতরণ করা হয়েছে।<br>তাছাড়া নবম শ্রেনীর কয়েকটি বই আসেনি। এবতেদিয়া<br>মাদ্রাসায় প্রনাদনা দেওয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পত্র<br>পাঠানো হয়েছে।  | <u>-</u>  | _   |
|   | (ঝ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, তাদের বিভাগের কার্যক্রম যথারীতিভাবে চলছে। ভ্রাম্যমান প্রশিক্ষন ৪৫০ জন এর মধ্যে ২২৫ জন কে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। বেকার যুবকদের কে প্রশিক্ষন এ পাঠানোর জন্য সকলকে অনুরোধ করেন। প্রশিক্ষন প্রাপ্ত বেকার যুবকদের কে কর্মসংস্থান ব্যাংক হতে ঋণ প্রদান করা হয়ে থাকে বলেও সভাকে জানান।   | বেকার যুবকদের প্রশিক্ষন এর ব্যাপারে<br>উপজেলা পোর্টালে বিজ্ঞপ্তি দেওয়ার জন্য<br>তাকে বলা হয়। এছাড়া বেশি করে প্রচার<br>করার সিঘান্ত গৃহীত হয়।  | উপজেলা যুব উন্নয়ন<br>কর্মকর্তা                     |
|   | (এঃ) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় বলেন যে,<br>মাননীয় সংসদ সদস্যের দেওয়া টিউবওয়েল এর তালিকা<br>কাজ শেষ হয়েছে। উপজেলা চেয়ারম্যান স্যারের তালিকা<br>পেয়েছে বলে জানান। এবং কাজ চলমান আছে বলেও<br>সভাকে অবগত করেন। ওয়াশব্লক এর কাজও চলমান<br>রয়েছে। তাছাড়া তার বিভাগীয় কার্যক্রম শ্বাভাবিক ভাবে<br>চলছে।   | চলমান কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার<br>জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশনীকে বলা<br>হয়।  | উপজেলা জনবাস্থ্য<br>প্রকৌশলী                        |
|   | (ট) উপজেলা ইউডিএফ রূপা আক্তার সভায় জানান যে,<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৯-<br>২০২০ অর্থ বৎসরে অবকাঠামো উন্নয়ন প্রকল্প যাচাই-<br>বাছাই এর ভিত্তিতে ৫০ লক্ষ টাকা ব্যয়ে ০৩ টি উপ-   | প্রস্তাবিত ০৩ টি প্রকল্প সভায়<br>সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>মাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্র  | উপজেলা<br>প্ৰকৌশলী/উপজেলা<br>ইউডিএফ                 |

| প্রকল্প গ্রহণ করা হয়েছে। পর্যায়ক্রমে  (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ লেবার রুম সম্প্রসারণ।  (খ) রাজিয়া কাদের উচ্চ বিদ্যালয়ের রুম নির্মাণ।  (গ) হোসেন্দী ইউনিয়নে কোভিড-১৯ মহামারীর কারনে  স্বাস্থ্য সেবা বৃদ্ধির লক্ষ্যে হোসেন্দী ইউনিয়ন উপ-স্বাস্থ্য  কেন্দ্র নির্মাণ। উপরোক্ত ০৩ টি প্রকল্প সভায় অনুমোদন  করার জন্য উপস্থাপন করা হয়।  | গুলোতে ১৫৫ জোড়া সরবরাহকৃত বেঞ্চের<br>৮,৯৭,২৯৫/- টাকা এন মোহাম্মদ প্লাষ্টিক<br>ইন্দ্রাষ্টিজ ঠিকাদার কর্তৃক দাখিলকৃত<br>বিলটি পরিশোধের পরবর্তী প্রয়োজনীয়<br>ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্বান্ত গ্রহণ করা<br>হলো। |                                    |
|--|---|------------------------------------|
| তাছাড়া উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অণ্ডিতার<br>২০১৮-২০১৯ অর্থ বৎসরে মাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষা<br>কেন্দ্র গুলোতে ১৫৫ জোড়া সরবরাহকৃত বেঞ্চের<br>৮,৯৭,২৯৫/- টাকা এন মোহাম্মদ প্রাষ্টিক ইড্রাষ্টিজ<br>ঠিকাদার কর্তৃক বিল দাখিল করা হয়েছে। উক্ত বিলটি<br>উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদনের<br>জন্য উপদ্থাপন করা হলো।   |   |                                    |
| (ঠ) জনাব মাহতাব উদ্দিন মাসুম, উপজেলা শিল্পকলা একাডেমী জানান যে, কোভিড-১৯ এ গজারিয়া শিল্পীদের তালিকা প্রনয়নের জন্য ৭১ জনের একটি ডাটাবেজ তৈরি করা হয়। এছাড়া দরিদ্র বাউল শিল্পীদের প্রতি প্রত্যেক ইউনিয়ন চেয়ারম্যানকে তাদের সাহায্যার্থে এগিয়ে আশার জন্য অনুরোধ করেন। এবং ৭১ জন বাউল শিল্পী থেকে দরিদ্র ৫২ জন শিল্পীর তালিকা প্রস্তুত করে শীত বন্ধের জন্য উপজেলা নিবহী অফিসারের কাছে তালিকা জমা দিয়েছেন বলেও জানান। | দরিদ্র বাউল শিল্পীদের সাহায্যার্থে সকল<br>ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের কে<br>অনুরোধ করা হলো।  | ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যান (সকল) |
| (ড) জনাব মোহাম্মদ আরেফিন, সভাপতি, গজারিয়া প্রেসক্লাব, সভায় বলেন যে, অত্র উপজেলা বেকার সমস্যা অনেক রয়েছে। যার ফলে যুব সমাজ বিভিন্ন অপকর্মে লিপ্ত হচ্ছে। তাই এই বেকার সমস্যা দূর করার জন্য আতৃকর্মসংস্থানের সৃষ্টি করা প্রয়োজন বলে তিনি মনে করেন। এছাড়া তিনি গজারিয়া প্রেসক্লাবের জন্য একটি জায়গা নির্ধারণ করে সাংবাদিকদের কে বসার মতো একটি ভবন নির্মাণ করে দেওয়ার জন্য সভাকে অনুরোধ করেন।                         | সহযোগিতা করা হবে। এছাড়া গজারিয়া<br>প্রেসক্লাবের ভবন নির্মানের জন্য উপজেলা<br>প্রকৌশলী কে একটি ডিজাইনসহ প্রাক্কলন<br>তৈরি করার সিঘান্ত গৃহীত হয়।  | উপজেলা প্রকৌশলী                    |
| (ঢ) জনাব মনিরুল হক মিঠু, চেয়ারম্যান, হোসেন্দী<br>ইউনিয়ন পরিষদ, সভায় বলেন যে, হোসেন্দী হতে<br>টেংগারচর হয়ে উপজেলা আসার রাশুটি খুবই খারাপ<br>অবস্থা। বিশেষ করে টেংগারচর অংশটি সবচেয়ে বেশি<br>খারাপ অবস্থা। উক্ত রাশ্তাটি সংস্কার করার জন্য তিনি<br>সভাকে অনুরোধ করেন।   | সংস্কারের উদ্যোগ নেওয়ার সিদ্বান্ত গৃথীত।<br>হয়।   | উপজেলা প্র্কৌশলী                   |
| (ণ) জনাব মনসুর আহম্মেদ খান, চেয়ারম্যান, ইমামপুর<br>ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, রসুলপুর মাদ্রাসার<br>সামনের ব্রীজ সয়েল্ট টেস্ট করা হয়েছে। কিন্তু এখনে<br>তার পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে না। এছাড়  | ি কার্যক্রম সহ রাস্তাগুলোর ব্যাপারে পরবর্তী<br>প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিঘান্ত  | উপজেলা প্রকৌলী                     |

| বাঘাইকান্দি-যোলআনী পর্যন্ত রান্তাটি কোন কিছুই করা  |   |                            |
|--|---|----------------------------|
| হচ্ছে না বলে সভাকে জানান।  |   |                            |
| (ত) জনাব আবু তালেব ভূইয়া, চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, ০৫ টি ঘরের মাটি ভরাট করা হয়েছে। ফলে কিছু বালু ডেভে গেলে তা আবার ভরাট করে সমান করা হয়েছে। কিন্তু তার বিল এখনাও পায়নি। এছাড়া তিনি আরো বলেন যে, ০৭ মাস পূর্বে ১৫ লক্ষ টাকার কাজের চাহিদা চাওয়া হয়েছিল। যা তারা দিয়েছিল। কিন্তু অদ্য পর্যন্ত কোন কিছু করা হয়নি। এ বিষয়ে তিনি বিস্তারিত জানানোর জন্য সভাকে অনুরোধ করেন। তাছাড়া তিনি আরো বলেন যে, চালের জন্য ৬১৮ টি কার্ড পেয়েছে। পরে আবার আরও ৪১৮ জনের আইডি কার্ড ও তালিকা পাঠানো হয়েছে। এ বিষয়ে কোন অগ্রগতি আছে কিনা তাও জানতে চান। যে সকল ট্রলি গুলো রাস্তায় বেপরোয়া ভাবে চলা ফেরা করছে তাদের বিকদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। তাছাড়া পাইলট ক্বলে অবৈধভাবে বালু, ইটের ব্যবসা করছে এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। | বালু ভরাটের বিলের টাকা দেওয়া হবে। বেপোরোয়া ভাবে চলা ট্রলির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। ফুলের পাশে রাখা অবৈধভাবে ইট, বালুর ব্যবস্থার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নিবহী<br>অফিসার     |
| থে) জনাব এস এম সালাউদ্দিন মাষ্টার. চেয়ারম্যান, টেংগারচর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, গ্রাম পুলিশ দ্রুত নিয়োগ দেওয়ার জন্য অনুরোধ করেন। তাছাড়া জন্ম নিবন্ধন কার্যক্রেম বন্ধ রয়েছে। বর্তমানে স্কুলে ভর্তি হতে হলে জন্ম নিবন্ধন প্রয়োজন পড়ে। তাই এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।   | খুব শীঘ্রই গ্রাম পুলিশ নিয়োগ কার্যক্রম<br>সম্পন্ন করা হবে।   | উপজেলা নির্বাহী<br>অফিসার  |
| (দ) জনাবা খাদিজা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা স্বাস্থ্য<br>কমপ্লেক্স এ ডেলিভারী রুমের বিষয়ে দ্রুত ব্যবস্থা নেওয়ার<br>জন্য অনুরোধ করেন। এছাড়া সংস্কৃতি কমিটি সংশোধন<br>করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন।  | উপজেলা শিল্পকলা একাডেমী কে সংস্কৃতি<br>কমিটি বিষয়টি সংশোধন করার পরবর্তী<br>কার্যক্রম গ্রহণ করার সিদ্বান্ত গৃহীত হয়।   | উপজেলা শিল্পকলা<br>একাডেমী |
| (ধ) জনাব আতাউর রহমান নেকী, ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ সভায় বলেন যে, সকল বিভাগকে স্থায়ী<br>কমিটির সভাগুলো এ মাসের মধ্যে সকল সভা শেষ করার<br>জন্য অনুরোধ করেন।  | সকল বিভাগকে তাদের নিজ নিজ<br>বিভাগের স্থায়ী কমিটির সভা চলতি মাসের<br>মধ্যে সম্পন্ন করার সিদ্বান্ত গৃহীত হয়।   | সংশ্লিষ্ট বিভাগ<br>(সকল)   |
| (ন) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, আগামী ২৩ জানুয়ারীর ২০২১ তারিখের প্রোগ্রামে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। সকল জনপ্রতিনিধির দায়িত্ব  মাতে থুব দ্রুত ঘরের কাজটি শেষ করতে পারে। কেননা মুস্নীগঞ্জ জেলার মধ্যে গজারিয়া এখনো কিছুটা পিছিয়ে আছে। তাই সকলকে তাদের টার্গেট পূরণ করার জন্য বলা হয়। এছাড়া তিনি আরো বলেন যে, গ্রাম-পুলিশ এর নিয়োগ কার্যক্রমটি খুব দ্রুতই সম্পন্ন করা করা হবে   |   |                            |

प्रमा ५ इ

|    | বলেও সভাকে জানান।                                     |                                       |                    |
|----|---|---------------------------------------|--------------------|
|    | (প) জনাব আমিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা            | সকল বিভাগ কে তাদের কার্যক্রম সম্পর্কে | সংশ্লিষ্ট বিভাগ    |
|    | পরিষদ সভায় বলেন যে, বিগত সভায় সিদ্বান্ত নেওয়া      | ০৩ মাস পর পর অবগত করার সিদ্বান্ত      | (সকল)              |
|    | হয়েছে এমন অনেক কার্যক্রম এখনও পর্যন্ত বাস্তবায়নের   | গৃহীত হয়।                            | , ,                |
|    | জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়নি। তাছাড়া এনজিও           | `                                     |                    |
|    | কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদ অবগত নয়। তাদের       |                                       |                    |
| ļ  | কে ডাকা হলে তারা আসেনা বলেও জানান। তিনি আরো           |                                       |                    |
|    | বলেন যে, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ সহ              |                                       |                    |
| }  | সকল বিভাগের ওয়েবসাইট গুলো আপডেট রাখার জন্য           |                                       |                    |
|    | সকল কে অনুরোধ করেন। এছাড়া বর্তমান সরকারের            |                                       |                    |
|    | একমাত্র কর্মসূচী হলো ঘর নির্মাণের কাজটি সঠিক ভাবে     |                                       |                    |
|    | বান্তবায়ন করা। তাই সহকারী প্রোঘামার কে ২৩            |                                       |                    |
|    | তারিখের ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্ধোধন এর          |                                       |                    |
|    | প্রোগ্রামটি সফলভাবে বাস্তবায়ন করার জন্য ২১ জানুয়ারী |                                       |                    |
|    | তারিখের মধ্যে এ যাবতীয় কার্যক্রম গুলো সম্পন্ন করে    |                                       |                    |
|    | রাখার জন্য তাকে অনুরোধ করেন। সকল বিভাগের              |                                       |                    |
|    | কার্যক্রম সম্পর্কে ০৩ মাস পর পর তথ্য দেওয়ার কথা।     |                                       |                    |
|    | যা তিনি বিগত ০৯ মাস যাবৎ পাননি বলে সভাকে              |                                       |                    |
|    | অবহিত করেন। তাই সকল বিভাগকে উপজেলা নির্বাহী           |                                       |                    |
|    | অফিসারের মাধ্যমে সংশ্রিষ্ট বিভাগের কার্যক্রম সম্পর্কে |                                       |                    |
|    | তথ্য পাঠানোর জন্য অনুরোধ করেন। তাছাড়া সংশ্লিষ্ট      |                                       |                    |
|    | সকল বিভাগকে এ মাসের মধ্যেই তাদের শ্বায়ী কমিটির       |                                       |                    |
|    | সভাগুলো সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। মহিলা          |                                       |                    |
| 1  | বিষয়কে নারী উন্নয়ন ফোরাম নিয়ে অনেক কথা হইছে।       |                                       |                    |
|    | তাই তিনি সাংষ্কৃতিক কমিটি নিয়ে যাতে আর কথা           |                                       |                    |
|    | বলতে না হয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার  | ·                                     |                    |
|    | জন্য অনুরোধ করেন। এছাড়া পরবর্তী সভা থেকে শিক্ষা      |                                       |                    |
|    | ফ্যাসিলিটেটরকে মাসিক সভায় উপস্থিত রাখার জন্য         |                                       |                    |
|    | বলেন।   |                                       |                    |
|    | আলোচ্যসূচী- ০৩ ঃ এনজিও এবং জাইকার কার্যক্রম           | এনজিও এবং জাইকার কার্যক্রম সম্পর্কে   | উপজেলা নিৰ্বাহী    |
|    | সম্পর্কে আলোচনা ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভা       |                                       | অফিসার             |
|    | বলেন যে, এনজিও এবং জাইকার কার্যক্রম বিষয়টি           | 1                                     |                    |
| ০৩ | পরবর্তী সভায় আলোচনা করা যেতে পারে।                   | `                                     |                    |
|    |   |                                       |                    |
|    |   |                                       |                    |
| -  | আলোচ্যসূচী-০৪ ঃ উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে             | সকল বিভাগ এবং ইউনিয়ন পরিষদ কে        | সংশ্লিষ্ট বিভাগ    |
| i  | প্রয়েবসাইট আপডেট সম্পর্কে আলোচনাঃ চেয়ারম্যান        | তাদের নিজ নিজ ওয়েব পোর্টাল আপডেট     | (সকল), ইউনিয়ন     |
| 1  | উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পর্যায়ের          | রাখার জন্য অনুরোধ করা হয়। সহকারী     | পরিষদ (সকল),       |
|    | সকল বিভাগ ও সকল ইউনিয়ন পরিষদ কে তাদের নিজ            | প্রোগ্রামার কে এ বিষয়ে সকল প্রকার    | সহকারী প্রোগ্রামার |
| 08 | নিজ ওয়েব পোর্টল কার্যক্রম আপডেট রাখার জন্য           | সহযোগিতা করার সিদ্বান্ত গৃহীত হয়।    |                    |
|    | অনুরোধ করেন। তাছাড়া এ ব্যাপারে সকল প্রকার            |                                       |                    |
|    | সহযোগিতা করার জন্য উপজেলা সহকারী প্রোগ্রামার কে       |                                       |                    |
|    | অনুরোধ করা হয়।                                       |                                       |                    |
| L  |   | <u> </u>                              |                    |

ςς 23 (2)

| oc | আলোচ্যসূচী-০৫ ঃ সমন্বিত পরিকল্পনা প্রণয়ন ও<br>বাস্তবায়ন পর্যালোচনা ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>। সভায় বলেন যে, সমন্বিত পরিকল্পনা প্রনায়ন ও<br>বাস্তবায়নের ক্ষেত্রে সকল বিভাগ, এনজ্পিও, বেসরকারী<br>অন্যান্য প্রতিষ্ঠানের সহযোগিতা প্রয়োজন। কারন<br>সকলের সমন্বয়ে সম্ভব সমন্বিত পরিকল্পনা প্রনায়ন | বিভিন্ন এনজিও কে সার্বিক সহযোগিতা |   |
|----|---|-----------------------------------|---|
| ০৬ | বান্তবায়ন করা। <u>আলোচ্যসূচী-০৬ ঃ উপজেলা প্রবেশদারে উপজেলা</u> <u>হেডকো</u> য়াটার্স তোরণ নির্মাণ সংক্রান্ত আলোচনা ঃ   |                                   | - |
|    | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা<br>প্রবেশঘারে উপজেলা হেডকোয়াটার্স তোরণ নির্মাণ কোন<br>জায়গায় করা হবে তা চিহ্নিত করে দেওয়ার জন্য সভাকে<br>অনুরোধ করেন:  | ·                                 |   |
| 04 | আলোচ্যসূচী-০৭ ঃ জাতির পিতার ম্যুরাল ও স্মৃতিসৌধ নির্মাণ ঃ উপজেলা প্রকৌশলী বলেন যে, দেশের বিভিন্ন উপজেলা জাতির পিতার ম্যুরাল ও স্মৃতিসৌধ নির্মাণ করা হয়েছে। তাই তিনি গজারিয়া উপজেলায় জাতির পিতার ম্যুরাল নির্মাণের লক্ষ্যে জায়গা নিধারণ করে দেওয়ার জন্য সভাকে অনুরোধ করেন।                              | -                                 |   |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

চেয়ারম্যান উপজেলা পরিষদ গজারিয়া, মুসীগঞ্জ।

শারক নং- উঃজ্ঞেপঃচেঃগজাঃ/২১- ০-২

তারিখঃ ১৮/০১/২০২১ খ্রি.।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। সচিব, ছানীয় সরকার বিভাগ, ছানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মুসীগঞ্জ।
- ৪ : উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ ।
- ৫ । উপজেলা .....(সকল) কর্মকর্তা, গজারিয়া, মুঙ্গীগঞ্চ।
- ৬। চেয়ারম্যান, .....(সকল) ইউপি, গজারিয়া, মুসীগঞ্জ।
- ৭। অফিস কপি।

ə ১ 7 ০ ə 1 2 > (জিয়াউল ইসলাম চৌধুরী) উপজেলা নির্বাহী অফিসার গজারিয়া, মুন্সীগঞ্জ।